

নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন ও নিয়ন্ত্রণ শাখা
ডায়েরি নম্বর: ২৪৭০
তারিখ: ০৭/০৩/১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা
(প্রশাসন-১ শাখা)
www.molwa.gov.bd

১১/৩০
 অতিরিক্ত সচিব (প্রঃ)
 অতিরিক্ত সচিব (উঃ)
 অতিরিক্ত সচিব (বাঃ)
 অতিরিক্ত সচিব (আইন)
 সচিবের একান্ত সচিব
 মন্ত্রণাব্যঃ
সচিব
১৭ ফাল্গুন ১৪২৪

স্মারক নম্বর-৪৮.০০.০০০০.০০১.২৩.০০১.২০১৮- ২৬

তারিখঃ

০১ মার্চ ২০১৮


বিষয়ঃ গণহত্যা দিবস পালন উপলক্ষে ২৫ মার্চ তারিখ সারা দেশে ০১ মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) প্রতীকি ব্ল্যাক-আউট কার্যক্রম বাস্তবায়ন।

২৫ মার্চ গণহত্যা দিবস ২০১৮ পালন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত জাতীয় কর্মসূচি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। জাতীয় কর্মসূচির ৭ নম্বর ক্রমিকে আগামী ২৫ মার্চ তারিখ রাত ৯-০০ থেকে ৯-০১ ঘটিকা পর্যন্ত ০১ (এক) মিনিট সারা দেশে (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) প্রতীকি ব্ল্যাক-আউট এর কর্মসূচি রাখা হয়েছে।

০৩। উক্ত কর্মসূচির সামগ্রিক প্রচারসহ তাঁর আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থাকে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদানের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ অনুমোদিত জাতীয় কর্মসূচি ০১(এক) পাতা।


(মোঃ জহুরুল হক)
উপসচিব (প্রশাসন-১)
টেলিফোনঃ ৯৫৬৬৬৪২
info.molwa@yahoo.com


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৭- ১৪০

তারিখঃ ১২-০৩-২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত জাতীয় কর্মসূচি বাস্তবায়নের লক্ষে সকল দপ্তর/সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।


নাহিদ-উল-মোস্তাক
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-৩)
ফোনঃ ৯৫১৫৫৫১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চেয়ারম্যান, চবক/মোবক/বাস্থবক/পাবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
- ৪। কমস্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া, চট্টগ্রাম।
- ৫। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
- ৬। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইডে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২৫ মার্চ গণহত্যা দিবস পালন উপলক্ষে ২০১৮ খ্রিস্টাব্দের জাতীয় কর্মসূচি :

ক্রমিক	তারিখ/ সময়	কর্মসূচি	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১।	২৫-০৩-২০১৮	জাতির উদ্দেশ্যে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাণী।	মহামান্য রাষ্ট্রপতির প্রেস সচিব/মাননীয় প্রধানমন্ত্রীর প্রেস সচিব/তথ্য মন্ত্রণালয়।
০২।	০১-৩-২০১৮ থেকে ২৫-৩-২০১৮ পর্যন্ত	স্কুল/কলেজ/মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কণ্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা	মন্ত্রিপরিষদ বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বিটিভি, বাংলাদেশ বেতার, বেসরকারি বেতার/টিভি চ্যানেল, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল), স্থানীয় বীর মুক্তিযোদ্ধাগণ।
০৩।	২৫-৩-২০১৮	গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী	মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, বিটিভি, বাংলাদেশ বেতার, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৪।	২৫-৩-২০১৮ সুবিধাজনক সময়ে	সারা দেশে ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/প্রার্থনা	মন্ত্রিপরিষদ বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৫।	২৫-৩-২০১৮ সকাল ১০-০০ টা	২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা	মন্ত্রিপরিষদ বিভাগ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৬।	২৫-৩-২০১৮	গণহত্যা ও মুক্তিযুদ্ধ বিষয়ক গীতিনাট্য/সাংস্কৃতিক অনুষ্ঠান	সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্পকলা একাডেমী, শিশু একাডেমী, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৭।	২৫-৩-২০১৮ (রাত ০৯-০০ থেকে ০৯-০১ পর্যন্ত ০১মিনিট)	সারা দেশে প্রতীকি ব্ল্যাক-আউট ০১ মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত)	মন্ত্রিপরিষদ বিভাগ, জননিরাপত্তা বিভাগ, বিদ্যুৎ বিভাগ, তথ্য মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল)।